কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান কার্যালয়
"বরেন্দ্র ভবন", রাজশাহী-৬০০০।

☎ ০২৫৮৮৮৬২৬৬৮, ০২৫৮৮৮৬৩৭৬৬
ফ্যাক্স : ৮৮-০২৫৮৮৮৬১৮৯৭
ই-মেইল : bmdahq@bmda.gov.bd
ওয়েবসাইট : www.bmda.gov.bd

নম্বর : ১২.০৮.০০০০.০৪৩.৩১.০০৫২৮.২৩. ৭৪৩২ তারিখ- ২৩/০২/২০২৬

“অফিস আদেশ”

যেহেতু, আপনি জনাব মোঃ ফারুক হোসেন, ভান্ডার রক্ষক বিএমডিএ বগুড়া রিজিয়ন দপ্তরে কর্মকালীন সময়ে আপনার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা গুদামের মজুদভুক্ত মালামালের মজুদ রেজিস্টার অনুযায়ী দেখানোর জন্য বলা হলে আপনি তা দেখাতে ব্যর্থ হন। পরবর্তীতে আপনাকে কৈফিয়ত তলব করা হয়। আপনি কৈফিয়তের জবাব দাখিল না করায় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক, বিএমডিএ, রাজশাহী বরাবরে পত্র প্রেরণ করা হয়। কর্তৃপক্ষের বিপুল পরিমাণ মালামাল ঘাটতির কারণ জানতে চেয়ে আপনাকে ব্যাখ্যা তলব করা হয়; এবং

২। যেহেতু, আপনি দীর্ঘসময় অতিবাহিত হলেও ব্যাখ্যার জবাব দাখিল না করায় প্রতীয়মান হয় যে, আপনি মালামাল ঘাটতির সাথে সরাসরি জড়িত রয়েছেন যা বিএমডিএ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা/১৯৯৩ ধারা ৩৭ এর উপ-বিধি (ক), (খ) ও (চ) এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক কর্তব্য কাজে অবহেলা, অসদাচরণ ও মালামাল চুরি বা তসরূপ এর অভিযোগে প্রাথমিকভাবে আপনাকে অভিযুক্ত করে ১৭/০৯/২০২৩ খ্রি: তারিখ হতে কর্তৃপক্ষের চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করে বিএমডিএ বগুড়া জোনে আযুক্ত করা হয়; এবং

৩। যেহেতু, পরবর্তীতে ৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে নিম্নবর্ণিতভাবে ঘাটতিকৃত মালামালের পরিমাণ নির্ধারণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করেন; এবং

ক্রমিক নং	মালামালের বিবরণ	ঘাটতিকৃত মালামালের সংখ্যা
১	২	৩
১.	ট্রান্সফরমার (১০ কেভিএ)	২০ টি (নতুন)
২.	ইউপিভিসি পাইপ (১০" ডায়া)	৫৫ টি
৩.	গাবমারসিবল পাম্প (৬০ ফুট হেড)	১ টি (নতুন)
৪.	রায়জার ভাল্ব	২৯ টি
৫.	কলাম পাইপ (৬" ডায়া ফ্লাঞ্জযুক্ত এমএস)	৪৯ টি
৬.	১০ আর এম তার	১৩ কয়েল
৭	৮" ডায়া ইউপিভিসি ব্লাইন্ড পাইপ	৩৭৮.৫২ মিটার
৮	র‍্যাবিট তার	৪১১৭ মিটার
৯	র‍্যাভেন তার	১৯৭৫ মিটার
১০	ট্রান্সফরমার রি-উইন্ডিং SW সুপার পোড়া তার	৬২৪ কেজি
১১	পোড়া রি-উইন্ডিং মটরের তার	৩২ কেজি
১২	রি-উইন্ডিং তার	১৭ সেট (৫১ কয়েল)
১৩	৬" ডায়া এম এস ফ্লাঞ্জযুক্ত ডেলিভারী পাইপ	১২টি
১৪	৬" ডায়া ৯০ ডিগ্রী এম এস বেন্ড সোলপ্লেটসহ	৩১টি

৪। যেহেতু, আপনার উল্লেখিত কার্যকলাপ বিএমডিএ'র চাকুরী বিধিমালা/১৯৯৩ ধারা ৩৭ এর (ক), (খ) ও (চ) উপ-বিধি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ৩(খ) ধারা অনুযায়ী কর্তব্য কাজে অবহেলা, অসদাচরণ ও মালামাল চুরি বা তসরূপ করেছেন যা শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধের কারণে আপনার বিরুদ্ধে অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা (চার্জসিট) গঠন করে ১০(দশ) কার্যদিবসের মধ্যে মালামাল ঘাটতির কারণ দর্শানোর জবাব দাখিলসহ আপনার বিরুদ্ধে ০৩/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

৫। যেহেতু, আপনি দীর্ঘদিন অতিবাহিত হলেও কারণ দর্শানোর জবাব দাখিল না করায় বিষয়টি সরেজমিন তদন্ত করে ঘাটতিকৃত মালামালের মূল্য নির্ধারণের জন্য ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি বিভাগীয় কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি তদন্ত কাজ সম্পন্ন করে ঘাটতিকৃত মালামালের মূল্য ৬০,৫৭,৬৩৪.৬০ টাকা নির্ধারণ পূর্বক তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করেন; এবং

৬। যেহেতু, আপনি মানি রশিদের মাধ্যমে ১,৫০,০০০/- টাকা কর্তৃপক্ষের খাতে জমা প্রদান করেন যার ফটোকপি অত্র দপ্তরে প্রেরিত হয়। ঘাটতিকৃত মালামাল/টাকা আদায়সহ কেন গুরুদন্ড প্রদান করা হবে না তা পত্র জারির ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে ২য় নোটিশ জারি করা হয়; এবং

চলমান পাতা নং-২

৭। যেহেতু, আপনি ঘাটতিকৃত মালামালের বিপরীতে নগদে ১,৫০,০০০/- টাকা এবং ৮,৮০,৯০০/- টাকার মালামালসহ সর্বমোট (১,৫০,০০০+৩,৯৯,৯০০+৪,৮১,০০০)=১০,৩০,৯০০/- টাকা জমা প্রদান করে অবশিষ্ট টাকা জমাদানের জন্য ৩(তিন) মাস সময় বর্ধনের অনুমতিসহ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাব অত্র দপ্তরে প্রেরিত হয়। আপনার আবেদনের প্রেক্ষিতে ৩(তিন) মাস সময় বর্ধন করা হয়; এবং

৮। যেহেতু, আপনি বর্ধিত সময়ের মধ্যে কোন টাকা/মালামাল কর্তৃপক্ষের খাতে জমা প্রদান না করে পুনরায় ৩(তিন) মাস সময় বর্ধন আবেদন করেন যা অত্র দপ্তরে প্রেরিত হয়। আপনার আবেদনের প্রেক্ষিতে ৩(তিন) মাস সময় বর্ধন করা হয় ; এবং

৯। যেহেতু, আপনি ২,৬৬,৬০০/- টাকাসহ সর্বমোট (১,৫০,০০০+৬,৬৬,৫০০+৪,৮১,০০০)=১২,৯৭,৫০০/- টাকা জমা প্রদান করে পুনরায় ৩(তিন) মাস সময় বর্ধনের জন্য একখানা আবেদন করেন যা অত্র দপ্তরে প্রেরিত হয়। আপনার আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ সর্বশেষ নমনীয়ভাব পোষণ করে বিবেচনা পূর্বক বিভাগীয় ব্যবস্থা পত্র জারীর তারিখ হতে শেষ বারের মতো ৩(তিন) মাস সময় বর্ধনসহ পরবর্তীতে আর কোন সময় বর্ধন করা হবেনা এবং ব্যর্থতায় আপনার বিরুদ্ধে চাকুরি বিধিমালা অনুযায়ী তাকে কর্তৃপক্ষের চাকুরি থেকে বরখাস্ত করণসহ ঘাটতিকৃত মালামাল/টাকা আদায় ও গুরুদন্ড প্রদানসহ আপনার বিরুদ্ধে মানিস্যুট মামলা দায়ের করা হবে মর্মে পত্র দেয়া হয়; এবং

১০। যেহেতু, আপনি বিভিন্ন সময়ে সর্বমোট(১৫০০০০+১০৬৬৪০০+৪৮১০০০+৫৭৮৫৫+২০৩৯০০+১০১৯৫০)=২০,৬১,১০৫/- টাকা জমা প্রদান করেন যা অত্র দপ্তরকে অবহিত করা হয় এবং বর্ধিত সময়ের মধ্যে অবশিষ্ট (৬০,৫৭,৬৩৪.৬০-২০,৬১,১০৫)= ৩৯,৯৬,৫২৯.৬০ টাকা পরিশোধ না করায় আপনার বিরুদ্ধে গুরুদন্ড প্রদানসহ মানিস্যুট মামলা দায়ের করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নথিটি কর্তৃপক্ষের আইন শাখায় প্রেরণ করা হয়। আইন শাখা ৩৯,৯৬,৫২৯/- টাকার মানিস্যুট মামলা দায়ের করার বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা মানিস্যুট মামলা পরিচালনার জন্য মতামত প্রদান করেন। বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে আপনার বিরুদ্ধে বিএমডিএ'র চাকুরী বিধিমালা/১৯৯৩ ধারা ৩৭ এর (ক), (খ) ও (চ) উপ-বিধি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী কর্তব্য কাজে অবহেলা, অসদাচরণ ও মালামাল চুরি বা তসরূপ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনি গুরুদন্ড পাওয়ার যোগ্য।

সেহেতু, আপনি জনাব মো: ফারুক হোসেন, ভান্ডার রক্ষক (সাময়িক বরখাস্ত), বিএমডিএ, বগুড়া জোন(আযুক্ত), বগুড়াকে বিএমডিএ'র চাকুরী বিধিমালা/১৯৯৩ ধারা ৩৭ এর (ক), (খ) ও (চ) উপ-বিধি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ৩(খ) ধারা অনুযায়ী কর্তব্য কাজে অবহেলা, অসদাচরণ ও মালামাল চুরি বা তসরূপ এর অপরাধের কারণে বিএমডিএ'র চাকুরী বিধিমালা/১৯৯৩ ধারা ৩৮(১) এর (খ) এর (উ) এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ধারা ৪(১) এর (খ) ও ৪(৩) এর (ঘ) বিধি মোতাবেক অদ্য ২৩/০২/২০২৬ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের চাকুরী থেকে বরখাস্তকরণ সূচক (Dismissal from service) গুরুদন্ড প্রদান করা হলো। উল্লেখ্য যে, আপনি সাময়িক বরখাস্তকালীন সময়ে যে খোরপোষ/খোরাকী ভাতাদি পেয়েছেন, আর অতিরিক্ত কিছু পাবেন না। এছাড়াও কর্তৃপক্ষের নিকট তার কোন দেনা-পাওনা থাকলে তা সমন্বয়/আদায়যোগ্য হবে।

২৬/০২/২০২৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান এনডিসি)
নির্বাহী পরিচালক
(অতিরিক্ত সচিব)
বিএমডিএ, রাজশাহী।

২৬/০২/২০২৬

নম্বর : ১২.০৮.০০০০.০৪৩.৩১.০০৩.২৩. ১৪৩২ (১৫০)

তারিখ- ২৬/০২/২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সেচ), বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী/ঠাকুরগাঁও/রংপুর/বগুড়া সার্কেল।
৩। নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, ... রিজিয়ন (সকল)।
৪। প্রকল্প পরিচালক, (নির্বাহী প্রকৌশলী), বিএমডিএ, ... (সকল)।
৫। প্রোগ্রামার, বিএমডিএ, রাজশাহী। অফিস আদেশটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ।
৬। হিসাব নিয়ন্ত্রক, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
৭। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, ... জোন (সকল)।
৮। সহকারী নিরীক্ষা কর্মকর্তা, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
৯। জনাব মো: ফারুক হোসেন, ভান্ডার রক্ষক(সাময়িক বরখাস্ত), বিএমডিএ, বগুড়া জোন(আযুক্ত), বগুড়া।
১০। অফিস কপি/ব্যক্তিগত নথি।

২৬/০২/২০২৬

(মোঃ মেহেদী হাসান)
সচিব
বিএমডিএ, রাজশাহী।

২৬/০২/২০২৬